দৈনিক ইত্তেফাক

27

তারিখ ... OCT. 28.199... পৃষ্ঠা 8 ... কলাম 9 ...

## চট্টগ্রাম সরকারী কমার্স কলেজকে রক্ষা করার আবেদন

চট্টগ্রাম সরকারী কমার্স কলেজ শুধু চট্টগ্রামে নয়, সমগ্র বাংলাদেশে ইহার সুনাম ও ঐতিহ্য সর্বজনবিদিত। তৎকালীন পাকিস্তান আমলেও এমন কি বাংলাদেশেও আমলে কমার্স কলেজ হিসাবে ইহার সমকক্ষ কোন কলেজ নাই। এই কলেজের শিক্ষার মান ও রেজাল্ট অনেক কলেজের কাছে রীতিমত ঈর্ষার কারণও হইতে পারে। লেখাপড়ায় ইহা একটি অনন্য শিক্ষা প্রতিষ্ঠান হিসাবে পরিগণিত হইয়া আসিতেছিল। কিন্তু রাজনীতির রাহুগ্রাসে পড়িয়া এই কলেজটি দিনে দিনে বড়ই করুণ পরিণতির দিকে অগ্রসর হইতেছে বলিয়া মনে হয়। কিছুসংখ্যক ছাত্র নামধারী সন্ত্রাসীদের কয়েকজন রাজনৈতিক নেতার ছত্রচ্ছায়ায় কমার্স কলেজে যে সমস্ত কাজকর্ম চালাইয়া আসিতেছে তাহাতে কোন সুস্থ মানসিকতার লোকই এই অবস্থা মানিয়া নিতে পারে না। শুধুই নেহায়েত নিজ নিজ দলের অধিপত্য প্রতিষ্ঠার জন্য প্রায় প্রতিদিনই এই কলেজে অস্ত্রের খেলা চলে। ছাত্র-নামধারী সন্ত্রাসীদের অত্যাচারে সাধারণ ছাত্র-ছাত্রীরা নিয়মিত কলেজে আসিয়া পড়াশুনা করিতে পারে না, আর কলেজের শিক্ষকরাও কলেজের স্বাভাবিক পরিবেশে পড়ার পাঠদান করিতে পারেন না। বর্তমানে এই কলেজের অবস্থা এতই খারাপ যে, কলেজের ছাত্র ছাত্রীদের অবিভাবকগণ বড়ই উদ্বিগ্ন অবস্থার মধ্যে দিনাতিপাত করিতেছেন, তাহাদের ভবিষ্যৎ-এর কথা ভাবিয়া অবিভাবকগণ খুবই অসহায়। যে কোন সময় কমার্স কলেজ ও ইহার অশেপাশের এলাকা রণক্ষেত্রে পরিণত হয়। এরই মধ্যে কয়েকজন এই অস্ত্রবাজিতে প্রাণও হারাইয়াছে। সন্ত্রাসীদের অত্যাচারে বর্তমানে কলেজের মুমূর্ষু অবস্থা। মনে হইতেছে ইহাকে বাঁচাইবার জন্য যেন উপায় নাই। পুলিশ তথা স্থানীয় প্রশাসন যেন নির্বিকার। অঘটন ও অস্ত্রবাজি নিয়মিতভাবে চলিয়া আসিতেছে। তবে কমার্স কলেজের এরকম অস্বাভাবিক পরিবেশকে স্বাভাবিক করিবার জন্য যদি অতিসত্বর কোন রকম প্রশাসনিক কঠোর পদক্ষেপ না লওয়া হয়, তাহা হইলে ঐতিহ্যবাহী প্রতিষ্ঠিত এই শিক্ষা প্রতিষ্ঠানটির অপমৃত্যু অবধারিত। আজই এবং এখনই এই শিক্ষা প্রতিষ্ঠান হইতে সন্ত্রাসী কার্যকলাপ উচ্ছেদকরতঃ শিক্ষকদের পড়াইবার ও ছাত্র-ছাত্রীদের পড়িবার স্বাভাবিক পরিবেশ ফিরাইয়া আনিবার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

**বিমল দাশ,**
৯৩/৬, হাজারী লেইন,
চট্টগ্রাম।